তারিখ ... 20 JAN 1996
পৃষ্ঠা ৯ কলাম ৮

দৈনিক জনকণ্ঠ

### অভাব প্রয়োজনীয় উপকরণ ও শিক্ষকের

# হবিগঞ্জে ৬৫ হাজার শিশু শিক্ষার আলো-বঞ্চিত

**হবিগঞ্জ, ১৯ জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা) ।-** জেলায় ৬৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত। প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ও শিক্ষকের পদ পূরণের অভাবে প্রাথমিক শিক্ষা কর্মসূচী ব্যাহত হচ্ছে।

শিক্ষা ক্ষেত্রে শিক্ষকদের অবহেলা, অনিয়ম, দুর্নীতি, সর্বোপরি রাজনীতিসহ বিভিন্ন পেশায় জড়িয়ে পড়ার ফলে প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের পথে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। সহকারী থানা শিক্ষা অফিসার থেকে শুরু করে বিদ্যালয় সমূহে নিয়োজিত শিক্ষক-শিক্ষিকাগণের নিজ নিজ কর্তব্য কাজে ফাঁকি দেবার প্রবণতা লক্ষ্য করা গেছে।

বিভিন্ন সূত্রে খবর নিয়ে দেখা গেছে, ঐ সব অভিযোগের সত্যতা যথার্থ। এসব অভিযোগ সম্পর্কে সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষ অবগত আছেন। তবুও জমাকৃত অভিযোগগুলোর প্রেক্ষিতে প্রতিকার বা সমাধানের ক্ষেত্রে বাস্তব কোন পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। ফলে প্রাথমিক শিক্ষা কর্মসূচী বস্তুত পক্ষে অচল হয়ে পড়েছে বলে অভিজ্ঞ মহল মনে করেন।

জেলার সদর থানাসহ মোট ৮টি থানায় ৭৩৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তন্মধ্যে ১৬২১ জন পুরুষ ও ৬৭' জন মহিলা শিক্ষক কর্মরত রয়েছেন। অন্যদিকে প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের ২৪০টি পদ দীর্ঘদিন শূন্য রয়েছে বলে জানা যায়। যার ফলে প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়া স্বাভাবিক। গত '৯২, '৯৩, '৯৪ ও '৯৫ সালে ৭৪টি প্রধান শিক্ষক ও ১১৪টি সহকারী শিক্ষকের পদ শূন্য ছিল। অথচ আজও ঐ সব সমস্যার সমাধান তো হয়নি বরং পরবর্তীতে এর সংখ্যা বেড়ে প্রধান শিক্ষক ৯১ ও সহকারী শিক্ষক পদ ১৫৫ তে দাঁড়িয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, হবিগঞ্জ সদর থানায় প্রধান শিক্ষকের ৪টি ও সহকারী শিক্ষকের ৬টি পদ, নবীগঞ্জে ২৩টি প্রধান শিক্ষকের পদ ও ৬২টি সহকারী শিক্ষকের পদ, বানিয়াচঙ্গে ১৭টি প্রধান শিক্ষক ও ৯টি সহকারী শিক্ষক, চুনারুঘাটে ৮টি প্রধান শিক্ষক ও ১টি সহকারী শিক্ষক, বাহুবলে ১৩টি প্রধান শিক্ষক ও ৮টি সহকারী শিক্ষক, মাধবপুরে ৯টি প্রধান শিক্ষক ও ১৬টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। অপরদিকে লাখাই থানায় ১২টি প্রধান শিক্ষক ও ২৬টি সহকারী শিক্ষকের পদ এবং আজমিরীগঞ্জে ২টি প্রধান শিক্ষক ও ১৬টি সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

সূত্র অনুযায়ী, জেলার ৮টি থানার স্কুল গমনোপযোগী মোট শিশুর সংখ্যা ২,১৫,১৯০ জন। এর মধ্যে মোট ১,৫০,২৩১ জন শিশু প্রাথমিক বিদ্যালয়ে অধ্যয়ন করছে। সরকারী হিসাব অনুযায়ী ৬৫ হাজার শিশু প্রাথমিক শিক্ষার আলো থেকে বঞ্চিত।